5

দৈনিক ইনকিলাব

তারিখ ... 30 JUN 1997
পৃষ্ঠা ... ১ কলাম ... ৫ ...

সাংবাদিক সম্মেলন

# বেসরকারী শিক্ষকদের জন্য বাজেটে বরাদ্দকৃত টাকা খুবই অপ্রতুল

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ বলেছেন, বেতন বৈষম্যের কারণে বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৮০ হাজার, শিক্ষক-শিক্ষিকা অনাহার-অর্ধাহারে দিন কাটাচ্ছে। শিক্ষক নেতৃবৃন্দ বলেন, দু'হাজার সালের ভিতর সবার জন্য শিক্ষার যে কথা বলা হচ্ছে সেটা বাতুলতা ছাড়া আর কিছু না। বাজেটে শিক্ষা খাতে ৩২'শ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। বেসরকারী শিক্ষকদের জন্য মাত্র ৫৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে যা প্রয়োজনের তুলনায় খুবই নগন্য। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির

২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## বেসরকারী শিক্ষক

প্রথম পৃষ্ঠার পর

সভাপতি মেজর (অবঃ) আছাদুজ্জামান। সাংবাদিক সম্মেলনে বলা হয়, ব্রাক বা স্যাটেলাইট স্কুলগুলোর কথা ঢাক-ঢোল পিটিয়ে ঘোষণা দেয়া হচ্ছে। এগুলো প্রহসন ছাড়া আর কিছুই নয়। ব্রাক স্কুলগুলোতে শিক্ষার পরিবেশ ও পরিস্থিতি পুরোটাই অনুপস্থিত। সাংবাদিক সম্মেলনে বলা হয়, ১৯৯৪ সালের আগস্ট মাসে জাতীয় প্রেস ক্লাবের সামনে শিক্ষকদের অনশন ধর্মঘট সমাবেশে আওয়ামী লীগ নেত্রী শেখ হাসিনা প্রতিশ্রুতি দিয়েছিলেন, আওয়ামী লীগ ক্ষমতায় গেলে শিক্ষকদের দাবী মেনে নেয়া হবে। কিন্তু আওয়ামী লীগ ক্ষমতায় যাওয়ার এক বছর পরেও শিক্ষকদের দাবীদাওয়া মেনে নেয়া হয়নি। এক প্রশ্নের জবাবে বলা হয়, বেসরকারী রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের চাকরি জাতীয়করণের দাবীতে আগামী ২ আগস্ট থেকে ৬ আগস্ট কালো ব্যাজ ধারণ, ৮ ও ২৬ আগস্ট থানা ও জেলায় বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হবে।